

-ইত্তেফাক

গার্ল গাইডরা শিশু ও মায়ের যত্নে অগ্রণী ভূমিকা রাখবে'

■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশ গার্ল গাইড এসোসিয়েশনের 'মাতৃমঙ্গল-শিশুস্বাস্থ্য ও পরিবেশ সচেতনতা' বিষয়ক মিনব্যাপী কর্মশালায় জাতীয় সংসদের সংসদ উপনেতা ও গার্লস গাইড এসোসিয়েশনের প্রাক্তন জাতীয় কমিশনার সৈয়দা সাজেদা চৌধুরী বলেছেন, আমাদের শিশুস্বাস্থ্য ও মায়ের যত্নে গার্লস গাইডরা অগ্রণী ভূমিকা পালন করবে। আমি আশা করছি, তারা গ্রামে গ্রামে গিয়ে 'মাতৃমঙ্গল-শিশুস্বাস্থ্য ও পরিবেশ সচেতনতা' বিষয়ে সচেতনতা তৈরিতে বিশেষ ভূমিকা রাখবেন।

গতকাল পরিবার সকাফ বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশনের জাতীয় রেঞ্জার কাউন্সিল-এর উদ্যোগে কর্মশালায় উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথির

বক্তব্যে তিনি এসব কথা বলেন। সৈয়দা সাজেদা চৌধুরী বলেন, আমি একজন নারী নেত্রী হিসেবে শক্তিত। কারণ বিরোধী দলের কিছু মৌলুভানি-ধর্মের নাম ব্যবহার করে উচ্চাঙ্গি দিয়ে, তারা কনসারভে গেল গার্লস গাইডের স্ত্রী হবে এ নিয়ে আমি চিন্তিত।

অনুষ্ঠানে এডারের বিরুদ্ধে নিপাত মজুমদারকে ফুলের তোড়া ও ক্রেস্ট দিয়ে অভিনন্দন জানানো হয়। গার্লস গাইড এসোসিয়েশনের জাতীয় কমিশনার সৈয়দা রেহানা ইনাম-এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেঞ্জার ইউনিট উপদেষ্টা কাউন্সিলের সভাপতি অধ্যাপক সাজেদা বানু। উপস্থিত ছিলেন- রেঞ্জার কাউন্সিলের চেয়ারম্যান মাহদী বানীন, রেঞ্জার কমিশনার শেলিনা চৌধুরী, সাবিনা বেগম প্রমুখ।

উল্লেখ্য, বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশনের জাতীয় রেঞ্জার কাউন্সিল-এর উদ্যোগে গত ২২ আগস্ট থেকে ২৫ আগস্ট পর্যন্ত ঢাকায় গাইড হাউজে কর্মসূচির আয়োজন করা হয়। কর্মসূচির মধ্যে ২৩ আগস্ট গাইড হাউজে হতে রমনা পার্ক পর্যন্ত 'মাতৃমঙ্গল-শিশুস্বাস্থ্য ও পরিবেশ সচেতনতা' বিষয়ক পোডাফোত্রা অনুষ্ঠিত হয়। রেঞ্জাররা পরিবেশ সচেতনতা বিষয়ক বিভিন্ন প্রোগ্রাম সম্বলিত ব্ল্যাকবোর্ড নিয়ে পোডাফোত্রা করে রমনা পার্ক নিয়ে পরিবেশ পরিষ্করতা অভিযান চালায়।